নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
স্থাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
ই-মেইলঃ-narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd
বিদ্যুৎ মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mpemr.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৩. ৩৯৪২

তারিখঃ- ০৩ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

# শীতের পোষাক সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় সুপারভাইজারসহ অন্যান্য কর্মাচারীদের জন্য শীতের পোষাক সরবরাহের লক্ষ্যে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | মালামালের বিবরণ | মালামালের পরিমাণ | দাখিলকৃত উদ্ধৃত মূল্য (টাকা) | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ৩৮/২০২২-২০২৩ | সুপারভাইজারগণের শীতের পোষাকঃ<br>বিবরণঃ উন্নতমানের বিদেশী গ্যাভার্ডিন কাপড়ের ডাবল জ্যাকেট, উন্নতমানের বোতাম, চেইন ও সেলাই। কমপক্ষে ২ টি সাইড পকেট,এক কালার (কপি/অফ-হোয়াইট),সর্বোচ্চ বড় সাইজ (ফ্রি/ডাবল এক্সেল) নমুনা মোতাবেক। | ১০ টি | | |
| | কর্মচারীদের শীতের পোষাকঃ<br>বিবরণঃ উন্নতমানের বিদেশী সিনথেটিক/গ্যাভার্ডিন কাপড়ের ডাবল জ্যাকেট, উন্নতমানের বোতাম, চেইন ও সেলাই। কমপক্ষে ২ টি সাইড পকেট,এক কালার (কপি/অফ-হোয়াইট),সর্বোচ্চ বড় সাইজ(ফ্রি/ডাবল এক্সেল) নমুনা মোতাবেক। | ৮২ টি | | |
| কথায়ঃ(.............................................................................................) | | | সর্বমোট | |

০১।। আগ্রহী দরদাতাকে আগামী ২৩/১১/২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্রসমূহ সদর দপ্তর,নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন,সোনারগাঁ,নারায়ণগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাইবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হইবে না। প্রাপ্ত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২৩/১১/২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না।

০২।। দরপত্রের সহিত বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র/সনদ ও ভ্যাট/বিন নিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি, সমিতিতে কাজের অভিজ্ঞতা (যদি থাকে) এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।

০৩।। খামের উপর "শীতের পোষাক" কথাটি স্পষ্টাকারে লিখতে হইবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে বিবেচিত হইবে। যদি কোন দরদাতা বর্ণিত বিবরণ মোতাবেক নমুনা দেখিতে আগ্রহ প্রকাশ করেন, তাহলে ২২/১১/২৩ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন অত্র পবিসের, প্রশাসন বিভাগ সদর দপ্তরে এসে নমুনা দেখা ও জানা যাইবে। কার্যাদেশের সময় মালামাল কম/বেশী হইতে পারে।

.docx

০৪।। **দরপত্র মূল্যায়নের সময় বর্ণিত আইটেমের কারিগরী দিক মূল্যায়নের জন্য দরদাতাদের নমুনা নিয়ে আগামী ২৬/১১/২৩ খ্রি: সকাল ১০:০০ ঘটিকায় সদর দপ্তর, নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এ উপস্থিত থাকতে হবে। প্রদত্ত নমুনার গুণগত মান দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মানসম্মত বিবেচিত হওয়া সাপেক্ষে দরদাতাদের চূড়ান্ত মূল্যায়ন করা হইবে।**

০৫।। সরবরাহকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেডপ্যাডে শীতের পোষাক এর একক মূল্য ও মোট মূল্য উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দর দাখিল করিতে হইবে।

০৬।। সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে বর্ণিত শীতের পোষাক সম্পূর্ণ নিজ দায়িত্বে ও খরচে নিজস্ব ব্যবস্থাপনায় পবিস সদর দপ্তরে পৌঁছাইতে হইবে। সরবরাহকৃত মালামাল উন্নতমানের এবং নমুনা মোতাবেক হইতে হইবে। অন্যথায় মালামাল গ্রহণ করা হইবে না।

০৭।। সরবরাহকারীকে চালান ও বিল দাখিলের পর সরবরাহকৃত মালামালের গুণগত মান যাচাই পূর্বক মান সঠিক আছে মর্মে প্রত্যয়ন সাপেক্ষে পবিস কর্তৃক সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে।

০৮।। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হইবে না।

০৯।। দরপত্র বাছাই কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।

১০।। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো)
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)
০৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
০৪। পুলিশ সুপার,নারায়ণগঞ্জ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................. পবিস-১/২/৩/৪।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ/বন্দর/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
০৮। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর/নবীগঞ্জ), নারায়ণগঞ্জ পবিস-১।
০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
১০। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।
১১। মের্সাস..........................................................................।
১২। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

(প্রকৌঃ মোঃ মাশফিকুল হাসান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

.docx